# छन्दः

उपस्थापकः- **ड. सुरञ्जनसरकारः**
सहायकाध्यापकः, संस्कृतविभागः
राममोहन-कलेज्, कोलकाता-९

# छन्दोलक्षणम्

चन्दयति आह्लादयतीति छन्दः। অর্থাৎ আনন্দ উৎপাদন করে যে তাই ছন্দ। ছন্দের নিয়ামক হল লঘু ও গুরু স্বরবর্ণ বা হ্রস্ব দীর্ঘ মাত্রা।

छन्दोबद्धपदं पद्यम्। पद्यं द्विविधम्- वृत्तं जातिश्चेति।

# বৃত্তম্

অক্ষরের নির্দিষ্ট সংখ্যা অনুসারে রচিত পদ্যের নাম বৃত্ত। বৃত্ত তিন প্রকার- সমবৃত্ত, অর্ধসমবৃত্ত ও বিষমবৃত্ত।

**সমবৃত্ত**- যে বৃত্তে চারটি পাদে বা চরণে গুরুলঘুক্রমেস সমানসংখ্যক অক্ষর থাকে তাকে সমবৃত্ত বলে।

**অর্ধসমবৃত্ত**- যে বৃত্তে তৃতীয়পাদ প্রথম পাদের অনুরূপ এবং চতুর্থপাদ দ্বিতীয়পাদের অনুরূপ সমানসংখ্যক অক্ষরবিশিষ্ট তাকে অর্ধসমবৃত্ত বলে।

**বিষমবৃত্ত**- যে বৃত্তে চারটি পাদের প্রত্যেকটি পাদ পৃথক্ পৃথক্ লক্ষণবিশিষ্ট তাকে বিষমবৃত্ত বলে।

# গণ:

সমস্ত ছন্দ দশটি অক্ষর দ্বারা বোঝানো হয়- ম, য, র, স, ত, জ, ভ, ন, গ এবং ল। (ম্যরস্তজ্ভনগৈর্লান্তৈরেভির্দশভিরক্ষরৈঃ। সমস্তং বাঙ্ময়ং ব্যাপ্তম্॥)

তিনটি অক্ষর নিয়ে এক একটি গণ হয়। তিন অক্ষরযুক্ত গণ আটটি আছে- ম-গণ, য-গণ, র-গণ, স-গণ, ত-গণ, জ-গণ, ভ-গণ ও ন-গণ। তবে গ এবং ল এক অক্ষরের হয়।

এখানে উল্লেখ্য গুরু চিহ্ন হল — এবং লঘু চিহ্ন হল ‿

# গণনির্ণয়পদ্ধতিঃ

মস্ত্রিগুরুস্ত্রিলঘুশ্চ নকারো — ম(———), ন(‿‿‿)

ভাদিগুরুঃ পুনরাদিলঘুর্যঃ। — ভ(—‿‿), য(‿——)

জো গুরুমধ্যগতো রলমধ্যঃ — জ(‿—‿), র(—‿—)

সোঽন্তগুরুঃ কথিতোঽন্তলঘুস্তঃ।। — স(‿‿—), ত(——‿)

গুরুরেকো গকারস্তু লকারো লঘুরেককঃ। — গ(—), ল(‿)

ক্রমেণ চৈষাং রেখাভিঃ সংস্থানং দর্শ্যতে যথা।।

## গুরুস্বর:

সানুস্বারশ্চ দীর্ঘশ্চ বিসর্গী চ গুরুর্ভবেৎ।

বর্ণঃ সংযোগপূর্বশ্চ তথা পাদান্তগোঽপি॥

অর্থাৎ অনুস্বারযুক্ত অক্ষর, দীর্ঘস্বর, বিসর্গযুক্ত অক্ষর এবং সংযুক্তবর্ণের পূর্ব অক্ষর হবে, শ্লোকের পাদের অবস্থিত অক্ষর বিকল্পে গুরু হবে।

যথা- ই দং কি লা ব্যা জ ম নো হ রং ব পুঃ।

ত পঃ ক্ষ মং সা ধ য়ি তুং য ই চ্ছ তি॥

# যতিঃ

যতির্জিহ্বেষ্টবিশ্রামস্থানং কবিভিরুচ্যতে।

সা বিচ্ছেদবিরামাদ্যৈঃ পদৈর্বাচ্যা নিজেচ্ছয়া॥

অর্থাৎ কবিগণ পদ্যপাঠের সময় জিহ্বার ঈপ্সিত বিশ্রামের স্থানকে যতি বলেন। বিচ্ছেদ, বিরাম, বিরতি ইত্যাদি পদদ্বারাও যতি বোঝানো হয়।

যেমন- মালিনী বৃত্ত ১৫ অক্ষরের। ননমযযযুতেয়ং মালিনী ভোগিলোকৈঃ- এখানে 'ভোগিলোকৈঃ' পদটি যতির নির্দেশ করছে। ভোগিন্ (ভোগী) শব্দের অর্থ সাপ; শাস্ত্রে অষ্টনাগ প্রসিদ্ধ, আবার লোক শব্দের অর্থ এস্থলে ভুবন; শাস্ত্রে সপ্তলোক প্রসিদ্ধ, অতএব যতি হবে প্রথমে অষ্টম অক্ষরের পর তারপর সপ্তম অক্ষরের পর।

# নির্বাচিত লৌকিক ছন্দের লক্ষণ ও উদাহরণ

**ইন্দ্রবজ্রা(একাদশাক্ষরা)**

**লক্ষণ- স্যাদিন্দ্রবজ্রা যদি তৌ জগৌ গঃ।**

ইন্দ্রবজ্রা ছন্দ ত ত জ গ গ এই পাঁচটি গণে নির্ণীত হয়। পাদান্ত যতি হয় ইন্দ্রবজ্রাছন্দে।

উদাহরণ-

অ র্থো  হি  ক ন্যা  প র কী য়  এ ব (পাদান্ত গুরু)

## উপেন্দ্রবজ্রা(একাদশাক্ষরা)

**লক্ষণ- উপেন্দ্রবজ্রা প্রথমে লঘৌ সা।**

উক্ত ইন্দ্রবজ্রা ছন্দের প্রথম অক্ষর লঘু হবে অর্থাৎ জ ত জ গ গ – এই পাঁচটি গণে উপেন্দ্রবজ্রা ছন্দ হয়। এই ছন্দেও পাদান্ত যতি হয়।

উদাহরণ-

ব্র তা য়   তে না নু চ রে ণ   ধে নোঃ

## রথোদ্ধতা(একাদশাক্ষরা)

**লক্ষণ- রাৎপরৈর্নরলগৈঃ রথোদ্ধতা।**

রথোদ্ধতা ছন্দ র ন র ল গ - এই পাঁচটি গণে নির্ণীত হয়। পাদান্ত যতি হয় রথোদ্ধতা ছন্দে।

উদাহরণ-

এ ব মা শ্র ম বি রু দ্ধ বৃ ত্তি না

**শালিনী(একাদশাক্ষরা)**

**লক্ষণ- মাত্তৌ গৌ চেচ্ছালিনী বেদলোকৈঃ।**

শালিনী ছন্দ ম ত ত গ গ - এই পাঁচটি গণে নির্ণীত হয়। শালিনী ছন্দে চতুর্থ ও তার পরবর্তী সপ্তম বর্ণে অর্থাৎ একাদশ অক্ষরে যতি হবে। বেদ-৪, লোক-৭

উদাহরণ-

সা নি ন্দ ন্তী স্বা নি ভা গ্যা নি বা লা

**বংশস্থবিল(দ্বাদশাক্ষরা)**

**লক্ষণ- বদন্তি বংশস্থবিলং জতৌ জরৌ।**

বংশস্থবিল ছন্দ জ ত জ র- এই চারটি গণে নির্ণীত হয়। পাদান্ত যতি হয়।

উদাহরণ-

অ য়ং স তে তি ষ্ঠ তি স ঙ্গ মো ৎ সু কো

**দ্রুতবিলম্বিত(দ্বাদশাক্ষরা)**

**লক্ষণ- দ্রুতবিলম্বিতমাহ নভৌ ভরৌ।**

দ্রুতবিলম্বিত ছন্দ ন ভ ভ র- এই চারটি গণে নির্ণীত হয়। পাদান্ত যতি হয়।

উদাহরণ-

অ ভি মু খে ম য়ি সং হৃ ত মী ক্ষি তং

## তোটক(দ্বাদশাক্ষরা)

**লক্ষণ- বদ তোটকমব্ধিসকারযুতম্।**

চারটি স- গণ থাকলে তোটক ছন্দ হয়। পাদান্ত যতি হয়। তোটক ছন্দে তৃতীয়, ষষ্ঠ, নবম এবং দ্বাদশ স্বর গুরু হয়।

উদাহরণ-

অ মু না  য মু না  জ ল কে লি কৃ তা

## ভুজঙ্গপ্রয়াত(দ্বাদশাক্ষরা)

**লক্ষণ- ভুজঙ্গপ্রয়াতং চতুর্ভির্যকারৈঃ।**

প্রতিপাদে চারটি য-গণ থাকলে ভুজঙ্গপ্রয়াত ছন্দ হয়। পাদান্ত যতি হয়। এই ছন্দে প্রথম, চতুর্থ, সপ্তম এবং দশম অক্ষর লঘু হয়।

উদাহরণ-

স দা রা ত্ম জ জ্ঞা তি ভৃ ত্যো  বি হা য় (পাদান্তগুরু)

धन्यवादः